

## ছাত্ররাজনীতি বন্দের দাবি রাজশাহী পলিটেকনিকে

নিজস্ব প্রতিবেদক রাজশাহী

৪ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৪ নভেম্বর ২০১৯ ০০:৩৫



# আমাদের ময়

রাজশাহী পলিটেকনিক ইনসিটিউটের অধ্যক্ষকে টেনেহিঁচড়ে পুকুরে ফেলে দেওয়ার মামলায় পাঁচজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গত শনিবার রাতভর অভিযান চালিয়ে ২৫ ছাত্রকে থানা হেফাজতে নেওয়া হয়। পরে সিসিটিভির ভিডিও ফুটেজ দেখে যাচাই-বাছাই শেষে গ্রেপ্তার দেখানো হয় পাঁচজনকে। ঘটনায় তদন্তে তিন সদস্যের কমিটি করেছে কারিগরি শিক্ষা অধিদপ্তর। এদিকে অধ্যক্ষ প্রকৌশলী ফরিদউদ্দিন আহমেদকে লাঞ্ছিতের প্রতিবাদে ৬ দফা দাবি জানিয়ে আন্দোলনে নেমেছেন শিক্ষার্থীরা। দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছে মহানগর ছাত্রলীগও।

গ্রেপ্তারকৃতরা হলেন N ইনসিটিউটের শিক্ষার্থী শাফিশাহরিয়ার (২৩), সোহেল রানা (২২), বাঁধন রায় (২০), আরিফুল ইসলাম (২৩) ও মেহেদী হাসান রাখি (২১)।

চন্দ্রিমা থানার ওসি শেখ গোলাম মোস্তফা বলেন, অধ্যক্ষকে তুলে নিয়ে গিয়ে পুকুরে ফেলে দেওয়ার ঘটনায় শনিবার রাতেই থানায় মামলা হয়েছে। ভিকটিম নিজেই বাদী হয়ে চন্দ্রিমা থানায় মামলাটি করেন। এতে সাতজনের নাম উল্লেখসহ ৫০ জনকে আসামি করেছেন তিনি।

এদিকে অধ্যক্ষ প্রকৌশলী ফরিদউদ্দিন আহমেদকে পুকুরে ফেলে হত্যাচাষ্টার প্রতিবাদে মানববন্ধন ও বিক্ষেপ করেছেন প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা। গতকাল বেলা ১১টায় নগরীর সপুরাসংলগ্ন পলিটেকনিক ইনসিটিউটের মূল ফটকের সামনের ৬ দাবিতে মানববন্ধন করেন তারা।

তিন সদস্যের তদন্ত কমিটি : অধ্যক্ষকে পুরুরে নিষ্কেপের ঘটনা তদন্তে তিন সদস্যের কমিটি করেছে কারিগরি শিক্ষা অধিদপ্তর। যুগ্ম সচিব ও পরিচালক (বিআইডিল্ট) এসএম ফেরদৌস আলমের নেতৃত্বে বোর্ডের পরিচালক (কারিকুলাম) নুরুল ইসলাম ও রাজশাহী মহিলা পলিটেকনিক ইনসিটিউটের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. ওমর ফারুককে সদস্য করে এ কমিটি করা হয়।

advertisement